**লক্ষ্যমাত্রা:**

**২৪,০০০ শিক্ষিত বেকার যুবক পুরুষ ও মহিলাদের প্রশিক্ষণ প্রদান, নতুন উদ্যোক্তা সৃষ্টি ও তাদের দক্ষতা উন্নয়ন।**

**উদ্দেশ্যসমূহ**

দেশের শহর ও গ্রামাঞ্চলের বিনিয়োগে আগ্রহী সম্ভাবনাময় বেকার এবং শিক্ষিত যুব পুরুষ ও মহিলাদের বিনিয়োগ সংক্রান্ত ধারণা প্রদান এবং প্রচলিত আইন, পদ্ধতি, বিধি-বিধান, নিয়ম-কানুন ও মূলধনের সংস্থান ইত্যাদি বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ উদ্যোক্তা হিসেবে গড়ে তোলা।

উচ্চ প্রযুক্তি সম্পন্ন বহুজাতিক/আন্তর্জাতিক ভারী ম্যানুফ্যাকচারিং শিল্পের প্রাথমিক ও মধ্যম পর্যায়ের ইনপুট/কাঁচামাল/যন্ত্রাংশ/কম্পোনেন্ট সরবরাহের জন্য স্থানীয় শিল্প গড়ে তোলার লক্ষ্যে Supplier and Linkage Development-এর মাধ্যমে দক্ষ উদ্যোক্তা সৃষ্টি।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ৮ নম্বর লক্ষ্যমাত্রা অর্জন।

সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুযায়ী বেসরকারি খাতে বিনিয়োগের লক্ষ্যমাত্রা (জিডিপির ৩৪ শতাংশ) অর্জন।

**প্রকল্পের বাস্তবায়নকাল**

**০২ বছর**
**০১/০১/২০১৯-৩১/১২/২০২০**




TOT প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে প্রকল্প কর্মকর্তাগণসহ প্রশিক্ষণার্থীবৃন্দ।




TOT প্রশিক্ষণ চলাকালীন বিডা'র নির্বাহী চেয়ারম্যানসহ বিডা ও প্রকল্পের কর্মকর্তাগণের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ।

## প্রকল্পের কার্যাবলী

- এ প্রকল্পের মাধমে সরবরাহ ও সংযোগ শিল্পে এবং দেশি ও বিদেশি ভারী শিল্পে সরবরাহের জন্য প্রাথমিক ও মধ্যবর্তী শিল্প সম্প্রসারণের মাধ্যমে বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে দেশের অগ্রাধিকার খাত সমুহের উপর গুরুত্ব আরোপ করে উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন।
- প্রতি জেলায় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উদ্যোক্তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী উদ্যোক্তাগণ সংশ্লিষ্ট জেলা প্রশিক্ষণ কেন্দ্র থেকে আবেদনপত্র সংগ্রহপূর্বক তা পূরণ করে জমা দিয়ে অথবা www.esdp.gov.bd শীর্ষক ওয়েবসাইট থেকে অনলাইন রেজিস্ট্রেশন করে প্রশিক্ষণার্থী হিসেবে নিবন্ধন করতে পারেন। নিবন্ধিত প্রার্থীগণ প্রকল্প দলিলে অনুমোদিত নির্ণায়ক ও বাছাই প্রক্রিয়া অনুযায়ী উদ্যোক্তা নির্বাচন কমিটি কর্তৃক নিবাচিত হবেন।
- দেশের ৬৪ জেলায় প্রতিমাসে ২৫ জন করে প্রশিক্ষণার্থীকে ১ মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এ প্রশিক্ষণ কার্যক্রম আগস্ট ২০১৯ হতে শুরু হয়ে ১৫ মাসব্যাপী চলমান থাকবে।
- উদ্যোক্তা প্রশিক্ষণের জন্য প্রণীত মডিউলের বিষয়বস্তুর উপর পারদর্শী ও প্রায়োগিক জ্ঞানসম্পন্ন রিসোর্স পার্সনের মাধ্যমে উদ্যোক্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।
- উদ্যোক্তার আগ্রহ এবং খাতভিত্তিক পারদর্শিতা পর্যালোচনা করে ব্যবসার বাস্তব জ্ঞান অর্জনের নিমিত্ত নির্দিষ্ট সময়ের জন্য তাদের মেন্টরের সাথে সংযুক্ত করে দেয়া হয়।
- এ প্রশিক্ষণ কার্যক্রম চলাকালীন উদ্যোক্তাগণ একটি বিনিয়োগ পরিকল্পনা (Investment Model) প্রণয়ন করবেন এবং এ পরিকল্পনাটি তারা মেন্টরদের পরামর্শ নিয়ে চূড়ান্ত করবেন।
- স্থানীয় ব্যবসায়ী চেম্বার, এসোসিয়েশন এবং সফল ব্যবসায়িগণ নতুন উদ্যোক্তাদের মেন্টর হিসাবে নিয়োজিত রয়েছে।
- বিনিয়োগ বিষয়ক সার্বিক সহায়তা প্রদানের লক্ষ্যে প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রে একটি করে উদ্যোক্তা সহায়তা ডেস্ক স্থাপন করা হয়েছে।
- আর্থিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে উদ্যোক্তাদের বাংলাদেশ ব্যাংকসহ বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করিয়ে দেয়ার ব্যবস্থা প্রকল্প থেকে গ্রহণ করা হয়েছে।
- উদ্যোক্তাদের সার্বক্ষণিক (২৪/৭) বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি দিয়ে সহায়তা প্রদানের জন্য ১ টি অনলাইন প্লাটফর্ম (Online Platform) তৈরীর বিষয়টি প্রকল্পের অন্তর্ভুক্ত।
- সম্ভাবনাময় উদ্যোক্তাদের সহজে ও বিনামূল্যে তাৎক্ষণিক বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি প্রদানের জন্য ডিজিটাল কন্টেন্ট (Digital Content) তৈরীর বিষয়টি চলমান।
- বেসরকারি বিনিয়োগ উদ্যোগে নতুন উদ্যোক্তাদের অংশগ্রহণ বৃদ্ধির জন্য বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করা হয়েছে।



TOT প্রশিক্ষণের অংশ হিসাবে প্রশিক্ষণার্থীদের শিল্পকারখানা পরিদর্শন।

| |
|---|
| উদ্যোক্তাদের ১ মাস প্রশিক্ষণ প্রদান |
| উদ্যোক্তা সহায়তা কেন্দ্রের মাধ্যমে উদ্যোক্তাদের সহায়তা প্রদান |
| উদ্যোক্তাদের মেন্টরিং |
| অনলাইন প্লাটফর্ম এর মাধ্যমে ২৪/৭ ঘন্টা তথ্য প্রদান |
| ডিজিটাল কন্টেন্ট তৈরী |
| ডাটাবেজ তৈরি |
| উদ্যোক্তা ও বিনিয়োগ বৃদ্ধির জন্য সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ |



## উদ্যোক্তা উন্নয়ন ও বিনিয়োগ সহায়তা কেন্দ্রের কার্যক্রম

উদ্যোক্তা নিবন্ধন

জেলা কমিটি কর্তৃক প্রশিক্ষণের জন্য উদ্যোক্তা নির্বাচন

উদ্যোক্তাগণকে প্রশিক্ষণ প্রদান

প্রশিক্ষণপ্রাপ্ত উদ্যোক্তাগণকে বিনিয়োগ বিষয়ে মেন্টরিং

উদ্যোক্তা কর্তৃক বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন

জেলা কমিটি কর্তৃক বিনিয়োগ পরিকল্পনা বাছাই ও কেন্দ্রীয় কমিটি বরাবর প্রেরণ

কেন্দ্রীয় কমিটি কর্তৃক বিনিয়োগ পরিকল্পনা মূল্যায়ন

বিনিয়োগ পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সংযোগ স্থাপন

বিনিয়োগ পরবর্তী অগ্রগতি পর্যবেক্ষণ






TOT প্রশিক্ষণের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত প্রধান অতিথি মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান এমপি, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মোঃ নজিবুর রহমান, এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক জনাব মোঃ আবুল কালাম আজাদ এবং বিডা'র নির্বাহী চেয়ারম্যানসহ অন্যান্য অতিথিবৃন্দ।



ঢাকা জেলার উদ্যোক্তা প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব জনাব সাজ্জাদুল হাসান এবং বিডা'র নবনিযুক্ত চেয়ারম্যান জনাব মোঃ সিরাজুল ইসলাম সহ প্রকল্প কর্মকর্তাগণের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ।




কুঁড়িগ্রাম জেলার উদ্যোক্তা প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব মোছাঃ সুলতানা পারভীন।




শেরপুর জেলার উদ্যোক্তা প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব আনার কলি মাহবুব।



নরসিংদী জেলার উদ্যোক্তা প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট সৈয়দা ফারহানা কাউনাইন।



ফরিদপুর জেলার উদ্যোক্তা বাছাই কার্যক্রম অনুষ্ঠানে উপস্থিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট জনাব অতুল সরকার।



মাসিক সমন্বয় সভায় ৬৪ জেলার প্রশিক্ষণ সমন্বয়কবৃন্দের সাথে বিডা'র মাননীয় নির্বাহী চেয়ারম্যান জনাব মো: সিরাজুল ইসলাম।



ঢাকা জেলার চলমান প্রশিক্ষণ কার্যক্রমে মেন্টরিং সেশন পরিচালনা করছেন Banglacraft এর সিনিয়র ভাইস প্রেসিডেন্ট Mr. Shahid Hussain Shamim



“তারুণ্যের শক্তি বাংলাদেশের সমৃদ্ধি”

# আর নয় চাকরি খোঁজা
# হবো সাহসী, হবো উদ্যোক্তা



মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনার** বিশেষ উদ্যোগ বিনিয়োগ বিকাশ

এ লক্ষ্য অর্জনে উদ্যোক্তা সৃষ্টির

# ফ্রি প্রশিক্ষণ

ও বিনিয়োগ সহায়তা দিচ্ছে

উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প (ইএসডিপি), বিডা

## উদ্যোক্তা সৃষ্টির প্রশিক্ষণ এবং বিনিয়োগ সেবা এখন আপনার জেলা শহরে সম্পূর্ণ বিনামূল্যে !

**সরাসরি যোগযোগ করুন**

জেলা শহরে অবস্থিত
উদ্যোক্তা উন্নয়ন ও বিনিয়োগ সহায়তা কেন্দ্রে

**আজই নিবন্ধন করুন**

ভিজিট করুন : www.esdp.gov.bd
www.bida.gov.bd

উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প (ESDP)
বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA)
প্রধানমন্ত্রীর কার্যালয়

ENTREPRENEURSHIP & SKILL DEVELOPMENT PROJECT

# ESDP

**BIDA** Prime Minister's Office

"তারুণ্যের শক্তি–বাংলাদেশের সমৃদ্ধি"

# উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প




**আর নয় চাকুরির অপেক্ষায়**
**সাহসী উদ্যোক্তা হব**
**বাংলাদেশের অগ্রযাত্রায়**

## উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প

ENTREPRENEURSHIP & SKILL DEVELOPMENT PROJECT (ESDP)

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়

## প্রকল্প সম্পর্কে ধারণা:

অফুরন্ত বিনিয়োগ উন্নয়ন ও সম্ভাবনার দেশ বাংলাদেশ। এ সম্ভাবনাকে বাস্তবে রূপ দেয়ার জন্য প্রয়োজন যথাযথ প্রয়াস। বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে বর্তমান সরকার ইতোমধ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বর্তমানে দেশে অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ৮% এর উপরে। প্রবৃদ্ধির এই হার সহজেই দুই অংকে উন্নীত করার মাধ্যমে ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়া এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার লক্ষ্য বাস্তবায়নের জন্য বেসরকারি খাতে বিনিয়োগ বৃদ্ধি করা অপরিহার্য। দেশের অর্থনৈতিক উন্নয়নের স্রোতধারায় জনসংখ্যার গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে শিক্ষিত বেকার তরুণ সমাজ। উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে যুব-প্রজন্মকে অর্থনৈতিক ধারায় সম্পৃক্ত করা সম্ভব হলে বেসরকারী খাতে বিনিয়োগ বিকাশ ও প্রসারের মাধ্যমে তা অর্থনীতিতে ফলপ্রসূ ভূমিকা রাখতে সক্ষম। প্রসঙ্গত উল্লেখ্য যে, আমাদের তরুণ প্রজন্মের রয়েছে উদ্যোক্তা হওয়ার মতো মেধা, উৎকর্ষতা, প্রশিক্ষণ এবং ঝুঁকি নেয়ার অদম্য সাহস, কিন্তু প্রয়োজনীয় দিকনির্দেশনা, আর্থিক সক্ষমতা ও সরকারি পৃষ্ঠপোষকতার অভাবে অনেকেই ইচ্ছা সত্ত্বেও উদ্যোক্তা হিসেবে প্রতিষ্ঠা লাভ করতে পারে না। ফলে সফল উদ্যোক্তা হিসেবে গড়ে ওঠার মতো প্রয়োজনীয় প্রশিক্ষণ ও অনুকূল পরিবেশ তৈরির বিকল্প নেই। মাননীয় প্রধানমন্ত্রীর বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের গভর্নিং বোর্ডের প্রথম বোর্ড সভায় Training and Mentoring- এর মাধ্যমে নতুন উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে সাপ্লায়ার্স এন্ড লিংকেজ ডেভেলপমেন্টের উপর গুরুত্বারোপ করেন। বোর্ড সভার উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) কর্তৃক "উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন" শীর্ষক প্রকল্পটি গ্রহণ করা হয়। উল্লেখ্য যে, প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ এর অন্যতম উদ্যোগ 'বিনিয়োগ বিকাশ' এবং এ সরকারের নির্বাচনি ইশতেহারে বর্ণিত "তারুণ্যের শক্তি, বাংলাদেশ সমৃদ্ধি"-এর চেতনার প্রতিফলন।

| | | |
|---|---|---|
| **প্রকল্পের শিরোনাম** | : | **উদ্যোক্তা সৃষ্টি ও দক্ষতা উন্নয়ন প্রকল্প** |
| **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** | : | **প্রধানমন্ত্রীর কার্যালয়** |
| **বাস্তবায়নকারী সংস্থা** | : | **বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ** |

| বাস্তবায়নকাল | অর্থায়নের উৎস | প্রকল্পের ধরণ |
|---|---|---|
| ০১/০১/২০১৯ থেকে ৩১/১২/২০২০ | জিওবি | বিনিয়োগ প্রকল্প |




প্রশিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)'র নির্বাহী চেয়ারম্যান কাজী মোঃ আমিনুল ইসলাম সহ অন্যান্য কর্মকর্তাগণ।